

৩০. মনাই নদী

সুনামগঞ্জ জেলার ধর্মপাশা উপজেলার বাখরপুর গ্রাম

গ্রামের পাশ দিয়ে বয়ে গেছে

এ আমার শৈশবের নদী;

আমার জন্মভূমির এ নদীর সংজ্ঞা নাড়ির সম্পর্ক।

ছেলেবেলায় খেলার সাথীদের নিয়ে এ নদী পাড়ে

ডাঙ্গুরী,কাবাডী,বউছি এমন কতই না খেলা খেলেছি

সাঁতার কেটেছি,খেলাঘর বেঁধেছি;

পৌষ-পার্বন ও বৈশাখি মেলায় কত আনন্দ করেছি।

শহর থেকে প্রয়োজন শেষে আবার ফিরে এসেছি

যেখানে আমার ঘর;

শৈশব,কৌশুরের দিনগুলি অতিবাহিত হল এ নদীর সংজ্ঞা।

যখন যৌবনে পা দিয়েছি গিয়েছি দূর বিদেশে

কিন্তু বিন্দুমাত্র ভুলতে পারিনি;

আমার জন্মভূমির প্রিয় মনাই নদীকে।